দৈনিক সংবাদ

তারিখ 01 FEB 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা ১৫ই ফেব্রুয়ারী ঃ প্রেসনোট

গতকাল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে জারি করা এক প্রেসনোটে বলা হয়ঃ গত ২৫শে জানুয়ারী '৯১ এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার সময় ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্রের বিভিন্ন হলে বহিরাগত কর্তৃক বিশৃংখলা সৃষ্টি এবং সেজন্য পরীক্ষা পরিচালনায় অচলাবস্থা সংক্রান্ত বিষয়ে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট

(৭-এর পাতায় দেখুন)

## প্রেসনোট

(১ম পাতার পর)

পর্যালোচনার জন্য সম্প্রতি এক সভা অনুষ্ঠিত হয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক এম, এ মাজেদ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় স্বাস্থ্য সচিব খন্দকার আসাদুজ্জামান, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ডাঃ কে, এম ফরিদ উদ্দিন এবং স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (স্বাস্থ্য শিক্ষা) ডাঃ হাবিবুর রহমান আনসারী উপস্থিত ছিলেন।

সভায় তদন্ত রিপোর্ট বিশদভাবে আলোচনা করা হয়। আলোচনায় প্রতীয়মান হয় যে, এ বছর মোট ১০,৭৪৮ জন প্রার্থী এম বি বি এস কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র দাখিল করে। তার মধ্যে ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্রে প্রার্থীর সংখ্যা ছিল ৪,৮৬০। ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্রের প্রার্থীদের মধ্যে ১১১ জন প্রার্থীর আবেদনপত্র ভর্তি পরীক্ষার নীতিমালা অনুযায়ী শর্ত পূরণ না হওয়ায় বাতিল ঘোষণা করা হয়। এখানে উল্লেখ্য যে, প্রার্থীদের ভর্তি ফরম জমা দেয়ার সময় তাদের দাখিলকৃত ৩ কপি ছবির একটিতে কলেজের মোহর অংকিত করে ও দস্তখত করে ফেরত দেয়া হয়। পরীক্ষার সময় ঐ ছবিটিই প্রবেশপত্র হিসেবে ব্যবহৃত হয়। ভর্তির ফরম পরে পরীক্ষা-নিরীক্ষা করায় কিছুসংখ্যক প্রার্থী প্রতিবছরই অযোগ্য বলে প্রমাণিত হয় এবং অযোগ্য প্রার্থীদের তালিকা পরীক্ষার পূর্বেই প্রত্যেক মেডিক্যাল কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করা হয় এবং এবারও তা করা হয়েছিল। বাতিলকৃত প্রার্থীদের মধ্যে কিছুসংখ্যক প্রার্থী ভর্তি পরীক্ষা চলাকালে গোলযোগ সৃষ্টি করে পরীক্ষায় বাধা সৃষ্টি করে এবং ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্রের বিভিন্ন হলে বেশীর ভাগ প্রার্থী পরীক্ষা দিতে ব্যর্থ হয়। কিন্তু এখানে উল্লেখ করা যায় যে, ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্র ছাড়া অন্য কেন্দ্রগুলোতে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। যেহেতু মোট প্রার্থীর প্রায় অর্ধেক ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্রে এবং তারা পরীক্ষা দিতে ব্যর্থ হয়েছে সেহেতু বিষয়টি বিবেচনা করে ন্যায়বিচারের স্বার্থে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ২৫-১-৯১ তারিখে অনুষ্ঠিত সকল কেন্দ্রের এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা বাতিল করা হলো এবং নতুনভাবে সকলের জন্য পুনঃ ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।

প্রত্যেক কেন্দ্রের জন্য ভর্তি পরীক্ষা পুনরায় আগামী ১৫-২-৯১ইং তারিখে বেলা ৯টায় অনুষ্ঠিত হবে এবং সকল ছাত্রছাত্রীর জন্য এই পরীক্ষার ফলাফলই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

গোলযোগ সৃষ্টিকারী প্রার্থীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইতিমধ্যেই গোলযোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে এক আই আর করা হয়েছে।

14